

## জেডিসি'র খাতা সুজানগরের রাজপথে

### ■ সুজানগর (পাবনা) মহোদয়

সদ্য সমাপ্ত জেডিসি পরীক্ষার ৫০টি খাতা পাবনার সুজানগরের রাজপথে পাওয়া গেছে। গত বুধবার একজন ভটভটি চালক সুজানগর উপজেলা বোর্ড সংলগ্ন সুজানগর প্রধান সড়কের পাশে এই খাতা ফেলে গেলে সাইফুল নামে স্থানীয় এক এনজিও কর্মী তা কুড়িয়ে পান। পরে এই খাতা সুজানগর উপজেলা বাধ্যমিক শিক্ষা অফিসারের কাছে হস্তান্তর করা হয়। বোর্ড নিয়ে জানা যায়, মাদ্রাসা শিক্ষা বোর্ড আকাইদ ও ফিকাহ শাস্ত্র বিষয়ক এই খাতা পরীক্ষার জন্য পাবনা মহরের নৌহফৎ দাবিল মাদ্রাসার সুপার এবং পরীক্ষক আব্দুল আশীমের নামে বরাদ্দ দেন। ওই দিন দুপুরে পরীক্ষক আব্দুল আশীম বাড়ি থেকে ওই খাতা সঙ্গে নিয়ে পাবনা শহর থেকে সুজানগরগামী একটি ভটভটি পাড়িতে করে মাদ্রাসায় ছাড়িয়ে দেন। পথিমধ্যে তিনি খাতা পাড়িতে ফেল রেখে মাদ্রাসায় চলে যান। এরই এক পর্যায়ে ভটভটি চালক ব্যাগ ভর্তি খাতাগুলো সুজানগর উপজেলা বোর্ড সংলগ্ন সড়কের পাশে ফেলে গেলে উক্ত সাইফুল তা কুড়িয়ে পান। পরে উপজেলা মহিলা বিষয়ক কর্তৃক কনিজ আইরিন জাহানের মাধ্যমে এই খাতা উপজেলা বাধ্যমিক শিক্ষা অফিসার নজরুল ইসলামের কাছে হস্তান্তর করা হয়। এ ব্যাপারে বাধ্যমিক শিক্ষা অফিসারের সাথে যোগাযোগ করা হলে তিনি জানান, যথাযথ নিয়মে এই খাতা উক্ত পরীক্ষকের কাছে পৌঁছানোর প্রক্রিয়া চলছে।